ঝিনাইদহে পুলিশের এসআইসহ ৩ জন আটক

ঝিনাইদহ সদর উপজেলার হাটগোপালপুর থেকে পুলিশের এক এসআইসহ ৩ জনকে বিপুল পরিমাণ ফেন্সিডিলসহ আটক করেছে র্যাব-৬।

আজ মঙ্গলবার (১৭ সেপ্টেম্বর) রাত দুইটার দিকে হাটগোপালপুর মাধ্যমিক বিদ্যালয়ের সামনে থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলো-হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের এস.আই সাজ্জাদুর রহমান, মাগুরার শালিখা উপজেলার আড়পাড়া গ্রামের মৃত সিদ্দিক সর্দারের ছেলে সোহেব আলী ও চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার দোয়ারপাড়া গ্রামের ফিরোজ আলীর ছেলে ফারুক হোসেন।

র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের কোম্পানী কমান্ডার মেজর নাঈম হোসেন জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারেন, হাটগোপালপুর এলাকা দিয়ে মাদক পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালায় র্যাব। সেসময় প্রাইভেট কারে পাচারের সময় ১২০১ বোতল ফেন্সিডিলসহ ওই ৩ জনকে আটক করা হয়। এ ঘটনায় র্যাবের পক্ষ থেকে মামলা দায়ের করে আসামীদের সদর থানায় সোপর্দ করা হয়েছে।

ঝিনাইদহে ১ হাজার ১২ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জ থেকে বিপুল পরিমাণ ফেন্সিডিলসহ বাদশা সোলায়মান (২৯) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব-৬।

আজ বুধবার (১১ সেপ্টেম্বর) ভোররাতে উপজেলার কাঁঠালবাগান গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটককৃত বাদশা সোলায়মান ঐ উপজেলার কাঁঠালবাগান গ্রামের মৃত শাহাবুদ্দিনের ছেলে।

ঝিনাইদহ র্যাবের মেজর নাঈম আহমেদ জানান, কালীগঞ্জের কাঠালবাগান

গ্রামে মাদক ক্রয়-বিক্রয় হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে আজ বুধবার ভোররাতে অভিযান চালায় ঝিনাইদহ র্যাব। র্যাবের উপস্থিতি টের পেয়ে অন্যরা পালিয়ে গেলেও ঘটনাস্থল থেকে আটক করা হয় ওই গ্রামের বাদশা সোলায়মানকে। পরে তার কাছ থেকে উদ্ধার করা হয় ১ হাজার ১২ বোতল ফেন্সিডিল।

এ ঘটনায় র্যাবের পক্ষ থেকে মাদক আইনে মামলা দায়ের করে আসামীকে কালীগঞ্জ থানায় সোপর্দ করা হয়েছে।

মুজিবনগর ও দর্শনা সীমান্তে ৩৮৬ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার

চুয়াডাঙ্গা ৬ বিজিবি মাদক বিরোধী অভিযান চালিয়ে মুজিবনগর ও দর্শনা সীমান্ত থেকে ৩৮৬ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেছে। এ ফেনসিডিলের উদ্ধারের ঘটনায় কোন চোরাচালানীকে আটক করতে পারেনী।

চুয়াডাঙ্গা ৬ বিজিবির পরিচালক পিএসসি সাঈদ মোহাম্মদ জাহদিুর রহমান, সাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে গণমাধ্যম কর্মীদের জানায়, আজ মঙ্গলবার (১০ সেপ্টেম্বর) বিকাল সাড়ে ৩ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালয়িন ৬ বিজিবির অধীনস্থ মুজবিনগর বিওপি টহল কমান্ডার হাবলিদার রফিকুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মুজবিনগর সীমান্ত এলাকার মেইন পিলারের ১০৭ হতে ৫০ গজ বাংলাদশেরে অভ্যন্তর সোনাপুর মাঠে অভিযান চালায়, এ সময় বিজিবির উপস্থিত টের পেয়ে চোরাচালানীরা ২৮৬ বোতল ভারতীয় ফেনসিডিল ফেলে পালিয়ে যায়। তবে এ ঘটনায় কোন চোরাচালানীকে আটক করতে পারেনী।

অপরদিকে আজ মঙ্গলবার বেলা ১২ টার দিকে দর্শনা সীমান্তের মেইন পিলারের ৭৭/২-এস হতে ২৫০ গজ বাংলাদশেরে অভ্যন্তরে জয়নগর গ্রামের আমবাগানে মধ্যে মাদক বিরোধী বিশেষ অভযিান পরিছালনা করে। এ সময় দর্শনা বিওপি টহল কমান্ডার নায়েক জিয়াউর রহমান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালিয়ে প্লষ্টিকের বস্তায় মোড়ানো ১শ বোতল

ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে। এ ঘটনায় কাউকে আটক করেতে পারেনী।

আলমডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর অভিযানে মাদক ব্যবসায়ী গ্রেফতার

আলমডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর অভিযান চালিয়ে একজন মাদক ব্যবসায়ীকে মাদক সহ গ্রেফতার করে।

আজ বৃহস্পতিবার বেলা ১২ টার সময় চুয়াডাঙ্গা মাদক দ্রব্য নিয়ন্ত্রনের পরিদর্শক মোঃ নাজমুল হোসেন খান এর নেতৃত্বে ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক সাহারা ইয়াসমিন সহ , মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয়,আলমডাঙ্গা উপজেলাধিন বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে আলমডাঙ্গা পৌর এলাকার এরশাদপুর চাতাল মোড় এলাকার মৃত আব্দুল মান্নান খোকাই শেখের ছেলে মাদক ব্যাবসায়ি শাহাদত হোসেন (৫৫) কে আটক করে।

এ সময় খোকাই শেখের চাতাল মোড়ের নিজ দখলীয় ভিটার সাথে এক কক্ষ বিশিষ্ট দোকান ঘরের মধ্যে রক্ষিত আলমারির মধ্য হতে ৫ লিটার রেকটিফাইড স্পিরিটসহ গ্রেপ্তার করা হয়।

উক্ত গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন বাদী হয়ে আলমডাঙ্গা থানায় মাদক দ্রব্য আইনে একটা নিয়মিত মামলা দায়ের করেন বলে জানাগেছে। এ বিষয়ে ওসি শেখ গনি মিয়া সত্যতা নিশ্চিত করেছেন।

আলমডাঙ্গায় ছাত্রদল নেতার বাড়িতে যৌথ বাহিনীর অভিযান:স্ত্রী নার্গিস সুলতানা আটক

আলমডাঙ্গা উপজেলা সাবেক ছাত্রদল নেতা শফিকুল আজম ডালিমের বাড়িতে যৌথ বাহিনী অভিযান চালিয়ে ৪ শত ৯০ পিস ইয়াবা ও নগদ ৯৬ হাজার ৭০০ টাকা উদ্ধার করেছে। মাদক বিক্রির সাথে জড়িত থাকার অপরাধে তার স্ত্রী নার্গিস সুলতানা আটক করেছে যৌথ বাহিনী ।

গতকাল বুধবার সকাল সাড়ে ১১ টার দিকে পৌর এলাকার মিয়াপাড়া এলাকায় এ অভিযান পরিচালনা করেন যৌথ বাহিনীর একটি দল।

স্থানীয়রা জানান, পৌর এলাকার মিয়া পাড়ায় ছাত্রদল নেতা ডালিম ও তার স্ত্রী নার্গিস সুলতানা দীর্ঘদিন মাদক ব্যবসা পরিচালনা করে আসছে। এমন সংবাদের ভিত্তিতে গতকাল বুধবার সকালে যুবদল নেতা ডালিমের বসতবাড়িতে অভিযান চালায় যৌথবাহিনী। তার বাড়িতে তল্লাশী চালিয়ে ৪ শত ৯০ পিস ইয়াবা ও নগদ ৯৬ হাজার ৭০০ টাকা উদ্ধার করে যৌথ বাহিনী। এসময় কৌশলে ডালিম পালিয়ে গেলেও মাদক ব্যবসার অপরাধে ডালিমের স্ত্রী নার্গিস সুলতানাকে আটক করে। পরে, নার্গিস সুলতানার বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করে পুলিশ।

আলমডাঙ্গা থানার ওসি শেখ গণি মিয়া বলেন, মাদক ব্যবসার সাথে জড়িত থাকায় এক নারীকে গ্রেপ্তার করা হয়েছে। তার বিরুদ্ধে থানায় মাদক মামলা রুজু হয়েছে। গতকাল বুধবার দুপুরে সংশ্লিষ্ট মামলায় আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে।

ঝিনাইদহে ১৫ কোটি টাকা মূল্যের ক্রিস্টাল মেথ আইস জব্দ

বিজিবি NTMC সেল এর সহায়তায় ১৫ কোটি টাকা মূল্যের ক্রিস্টাল মেথ আইস জব্দ করলো ঝিনাইদহের মহেশপুর বিজিবি ব্যাটালিয়ন।

আজ বৃহস্পতিবার (২৯ আগস্ট) দুপুর ২টার দিকে যাত্রিবাহী বাসে তল্লাশী এই মেথ জব্দ করা হয়।

মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর এক প্রেসবিজ্ঞপিতে জানা যায়, তথ্য প্রযুক্তি ও বিজিবি NTMC সেল হতে প্রাপ্ত বিশেষ তথ্যের ভিত্তিতে যশোর-মহেশপুর-দর্শনা রুটের একটি যাত্রীবাহী বাসের লাগেজ বক্সের ভিতর মাদকের একটি বড় চালান নিয়ে যশোর হতে দর্শণা গমন করবে, এরকম সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর একটি বিশেষ টহল দল দুইভাগে বিভক্ত হয়ে জীবননগর ফুলের মার্কেট এর সামনে মহেষপুর-জীবননগর সড়কের উপর পৃথক পৃথক স্থানে ওত পেতে অপেক্ষমান থাকে। প্রাপ্ত তথ্যের বর্ণনা মোতাবেক টহল দলের ১ম অংশের সামনে দিয়ে শাপলা পরিবহন নামের গাড়ীটি অতিক্রম করলে তারা টহল দলের ২য় অংশকে তৎক্ষনাত অবগত করে। যাত্রীবাহী বাস জীবননগর ফুলের মার্কেটের সামনে আসা মাত্রই বিজিবি টহল দল পূর্ব প্রস্তুতিসহ বিশেষ উপায়ে বাসের গতিরোধ করে। পরবর্তীতে আনুমানিক ১:৫০ ঘটিকায় বিজিবি টহল দল যাত্রীবাহী বাস তল্লাশী করে বাসের ভিতরে পিছনের ডান সাইডে মাথার উপরে ব্যাগ রাখার স্থানে প্লাস্টিকের ব্যাগের মধ্যে স্বচ্ছ কসটেপ দিয়ে মোড়ানো খাকী রং এর একটি কার্টুন মালিক বিহীন অবস্থায় জব্দ করে ব্যাটালিয়ন সদরে নিয়ে আসে। জব্দকৃত কার্টুনটি খুলে তার ভিতর হতে ৩ কেজি ৪০গ্রাম ক্রিষ্টাল মেথ আইস উদ্ধার করতে সক্ষম হয়।

চোরাকারবারী, বিজিবি টহল দলের সড়কে অবস্থান নেওয়ার বিষয়টি জানতে পেরে পূর্ব থেকেই আত্মগোপনে চলে যায় বলে ধারনা করা হচ্ছে। উদ্ধারকৃত মাদকদ্রব্যের সিজার মূল্য ১৫ কোটি ২০ লক্ষ টাকা বলে জানা যায়।

মহেশপুর সীমান্তে বিজিবির হাতে তিন মাদক ব্যবসায়ী আটক

ভয়ংকর মাদক LSD সহ ঝিনাইদহ সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারত হতে বাংলাদেশে প্রবেশের সময় বিজিবি’র হাতে আটক তিন মাদক ব্যবসায়ী।

মঙ্গলবার (২৭ আগস্ট) দিবাগত রাত দেড়টার দিকে তাদের আটক করে। বিজিবি মহেশপুর (৫৮) ব্যাটালিয়ানের পাঠানো এক প্রেসবিজ্ঞপ্তিতে জানা যায় ২৭ আগস্ট আনুমানিক ১২টার সময় সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে, মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর দায়িত্বপূর্ণ সীমান্ত পিলার ৬১/৭-এস এর নিকট দিয়ে মাদকের একটি বড় চালান ভারত হতে বাংলাদেশে পাচার হবে। উক্ত তথ্যের ভিত্তিতে কুসুমপুর বিওপির নায়েব সুবেদার আব্দুস ছালাম এর নেতৃত্বে বিজিবি’র একটি চৌকষ আভিযানিক দল বিত্তিপাড়া গ্রামের মোঃ আজাদ এর আম বাগানের মধ্যে মাদক চোরাকারবারীদের ধরার জন্য সাড়ে টা হতে কৌশলে অবস্থান গ্রহণ করে অপেক্ষ করতে থাকে।

একপর্যায়ে রাত আনুমানিক দেড়টার দিকে কয়েকজন চোরাকারবারী মাথায় বস্তা নিয়ে ভারত হতে বাংলাদেশের অভ্যন্তরে অবৈধভাবে প্রবেশ করে সামনের দিকে অগ্রসর হতে থাকে। চোরাকারবারীরা টহল দলের নিকটবর্তী হলে টহল দল তাদের চ্যালেঞ্জ করলে তারা প্রথমে বস্তাসহ দৌড়ে পালানোর চেষ্টা করে। টহল সদস্যরা তাদেরকে চতুর্দিক থেকে ঘিরে ফেললে তারা বস্তা ফেলে পালানোর চেষ্টা করে। টহল সদস্যরা অত্যন্ত বিচক্ষণতার সাথে ৩ জন চোরাকারবারীকে গ্রেফতার করতে সক্ষম হয়। গ্রেফতারকৃতরা হলেন মোঃরিয়াজ (২২), পিতা-শফিকুল ইসলাম, গ্রাম-পিপুলবাড়িয়া, মহেশপুর, ঝিনাইদহ, মোহাম্মদ ইমাম হোসেন (৩৯), পিতা-জাফর শেখ, গ্রাম-কালাচাঁদপুর, লোহাগাড়া, নড়াইল ও মোবারক আলী (২৬), পিতা-শের আলী, মহেশখালী, কক্সবাজার।

এছাড়া আভিযানিক দল ঘটনাস্থলে তল্লাশী চালিয়ে ভারত হতে অবৈধভাবে বাংলাদেশ আনা ৭ বোতল এলএসডি (প্রতি বোতল ১০০ এমএল), মোবাইল, জর্জেট শাড়ী, বিভিন্ন প্রকার কসমেটিক্স, ঔষধ ও বিবিধ মালামাল জব্দ করে। জব্দকৃত মালামালের সর্বমোট সিজার মূল্য ৭,৩৪,৬৯,৪০৪/-

(৭ কোটি ৩৪ লক্ষ ৬৯ হাজার ৪০৪) টাকা।

গ্রেফতারকৃত আসামী এবং উদ্ধারকৃত মালামাল আইনি প্রক্রিয়ার মাধ্যমে ঝিনাইদহের মহেশপুর থানায় হস্তান্তর করা হয়েছে।

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের অভিযানে দুই মাদক কারবারীর জেল জরিমানা

চুয়াডাঙ্গা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর আলমডাঙ্গায় মাদক বিরোধী অভিযান চালিয়ে দুই মাদক কারবারীকে আটক করে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে জেল জরিমানা করেছে।

গতকাল বৃহস্পতিবার বেলা দেড়টার দিকে নির্বাহী ম্যাজিস্ট্রেট সহকারী কমিশনার ভূমির নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়।

জানা গেছে, চুয়াডাঙ্গার মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আলমডাঙ্গার সহকারি কমিশনার ভূমি আশিষ কুমার বসু ও চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খানের নেতৃত্বে আলমডাঙ্গা থানাধীন বিভিন্ন এলাকার নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। অভিযানে আলমডাঙ্গার রেল স্টেশন পাড়ার আখতার আলীর স্ত্রী হাসি খাতুনের নিকট থেকে ৪০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়।

এ সময় ভ্রাম্যমাণ আদালতের বিচারে হাসি খাতুনকে ৪ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান ও ৫শ’ টাকা অর্থ দন্ড প্রদান করা হয়। একই সময়ে স্টেশন পাড়ার আফহাল উদ্দিনের ছেলে সামাদ আলী (৩৫)’র বাড়িতে অভিযান চালিয়ে ২০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। এ সময় ভ্রাম্যমাণ আদালতের বিচারের সামাদ আলীকে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ১শ’ টাকা অর্থদন্ড প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় স্টাফবৃন্দ। দন্ডপ্রাপ্ত দুই আসামীকে জেলহাজতে প্রেরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গায় বিদেশী পিস্তল ৪ রাউন্ড গুলি ও টাকাসহ মাদক কারবারী আটক

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরর সদস্যরা অভিযান চালিয়ে ১টি বিদেশী পিস্তল ও গুলি, দেশী বিভিন্ন ধারালো অস্ত্র এবং ১১ লাখ নগদ টাকাসহ ১ জন মাদক কারবারীকে আটক করেছে।
আজ বুধবার (২১ আগস্ট) বেলা ১২টার দিকে চুয়াডাঙ্গা শহরের বাগানপাড়ায় প্রবাসী ফারুক আজমের বাড়ীতে এ অভিযান করা হয়।
আটকৃত মাদককারবারী হাবিবুর রহমান রাজিব চুয়াডাঙ্গা শহরের মুক্তিপাড়ার (ভি.জে.সরকারী উচ্চ বিদ্যালয়ের পিছনের) মরহুম আব্দুল হান্নানের ছেলে।
চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরর পরিদর্শক নাজমুল হোসেন খান জানান, ইয়াবা কেনাবেচা হচ্ছে এমন গোপন সংবাদ পেয়ে চুয়াডাঙ্গা পৌর এলাকার বাগানপাড়ার কানাডা প্রবাসী ফারুক আজমের বাড়ীর দ্বিতীয় তলার ভাড়াটিয়া রাজিবের ভাড়া বাসায় অভিযান পরিচালনা করা হয়। এ সময় তার ঘরের আলমারী তল্লাশী করে ১টি নাইন এম এম পিস্তল, ১টি ম্যাগজিন, ৪ রাউন্ড গুলি ও নগদ ১১ লাখ টাকা পাওয়া যায়। এ সময় ভাড়াটিয়া রাজিবকে আটক করা হয়।
আটকৃত রাজিবর বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা দিয়ে তাকে চুয়াডাঙ্গা সদর থানায় সোপর্দ করা হয়েছে বলে তিনি জানান।

জীবননগরের ভয়ংকর মাদক ‘এলএসডি’ ও ফেন্সিডিল উদ্ধার

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলী গ্রাম থেকে ৪ বোতল এলএসডি ও ৫ বোতল ফেন্সিডিল জব্দ করেছে বিজিবি। এসময় আরও জব্দ করা হয় একটি মোটরসাইকেল।

গতকাল শনিবার দুপুরে উথলী মাধ্যমিক বিদ্যালয় এলাকায় অভিযান

চালিয়ে এসব মাদকদ্রব্য জব্দ করা হয়। গতকাল শনিবার রাতে মহেশপুর ব্যাটালিয়নের (৫৮ বিজিবি) সহকারী পরিচালক ও ভারপ্রাপ্ত কোয়ার্টার মাস্টার সাইফুল ইসলাম স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের উপর ভিত্তি করে মহেশপুর ব্যাটালিয়নের অন্তর্ভুক্ত উথলী বিওপির একটি বিশেষ আভিযানিক দল সীমান্ত পিলার ৭৩/২ এস হতে আনুমানিক ৫ কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে উথলী মাধ্যমিক বিদ্যালয় এলাকায় চোরাকারবারিকে ধরার জন্য বেলা ১টা ৩০ মিনিট হতে ওৎ পেতে অপেক্ষামান থাকেন। দুপুর আনুমানিক ২টা ৫০ মিনিটের দিকে উল্লেখিত এলাকায় একটি সন্দেহভাজন মোটরসাইকেল অগ্রসর হলে বিজিবির আভিযানিক দল মোটরসাইকেলটির গতিরোধ করার উদ্দেশ্যে রাস্তায় অবস্থান গ্রহণ করলে মোটরসাইকেল আরোহী দূর থেকে বিজিবির আভিযানিক সদস্যের উপস্থিতি টের পেয়ে মোটরসাইকেলে উপবিষ্ট চোরাকারবারি এবং চালক মোটরসাইকেল ফেলে রাস্তার পাশের পাট ক্ষেতে পালিয়ে যেতে সক্ষম হয়।

উক্ত ঘটনায় আভিযানিক দল তল্লাশি চালিয়ে ভারত হতে বাংলাদেশে আসা প্রতিটি ১০০ মিলিগ্রামের মোট ৪ বোতল এলএসডি (লাইসার্জিক অ্যাসিড ডাই-ইথ্যালামাইড), ৫ বোতল ভারতীয় ফেন্সিডিল এবং একটি নাম্বার প্লেটবিহীন মোটরসাইকেল উদ্ধারপূর্বক তা জব্দ করেন। জব্দকৃত মালামালের সর্বমোট সিজার মূল্য চার কোটি ১৬ লক্ষ ৭২ হাজার টাকা।